



## Embassy of the People's Republic of Bangladesh Bangkok

### কম্বোডিয়ায় অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের জন্য বিজ্ঞপ্তি

বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারীর প্রেক্ষিতে কম্বোডিয়ার সরকার সে দেশে টিকাদান কর্মসূচি গ্রহণ করতে যাচ্ছে। এই টিকাদান কর্মসূচির আওতায় কম্বোডিয়ায় বসবাসরত বিদেশি নাগরিকদেরও অন্তর্ভুক্ত করা হবে বলে জানা গেছে। এর প্রেক্ষিতে ব্যাংককস্থ বাংলাদেশ দূতাবাস কম্বোডিয়ায় বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশিদের একটি তালিকা প্রস্তুত করছে।

এমতাবস্থায়, কম্বোডিয়ায় কোভিড-১৯ এর টিকাদান কর্মসূচির আওতায় আসতে ইচ্ছুক এমন সকল বাংলাদেশিকে জরুরি ভিত্তিতে তাদের নিজেদের ও পরিবারে সদস্য/সহকর্মী/প্রতিবেশী/বন্ধু বাহকব ও পরিচিত বাংলাদেশি প্রবাসীদের এ বিষয়ে অবহিত করার জন্য অথবা নিজেরা খসড়া তালিকা প্রস্তুত করে সেটি ইমেইল যোগে আগামী ১৪ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে অত্র দূতাবাসে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। এই তালিকায় নিম্নলিখিত তথ্যাদি সন্নিবেশিত করতে হবে:

নাম	পাসপোর্ট নম্বর	জন্ম তারিখ	পেশা	কম্বোডিয়ার ঠিকানা, ফোন নম্বর ও ইমেইল

ইমেইল প্রেরণের ঠিকানা:

[mission.bangkok@mofa.gov.bd](mailto:mission.bangkok@mofa.gov.bd)

০২/০৪/২০২১  
(ইশতিয়াক উদ্দিন আহমেদ)

কাউন্সেলর ও দূতালয় প্রধান